গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৮৭.২১.৩৭৭ তারিখ-২৪/০৬/২০২২ খ্রিঃ

## ২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি আবু সাঈদ মোঃ জাহাঙ্গীর, পিতাঃ মোঃ মোশারফ হোসেন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান, (পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী) এর বিরুদ্ধে সিভিল সার্জন অফিস, নোয়াখালী কর্তৃক ১৯/০৯/২০২০ খ্রিঃ তারিখের ৯৯১১ নং স্মারকে বিনা অনুমতিতে ৩১/০৩/২০২০ খ্রিঃ থেকে ২০/০৯/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাক্ষর জালিয়াতি করে বেতন ভাতাদি উত্তোলন করার অভিযোগ এ অধিদপ্তরে প্রেরণ করা হয়।

২। যেহেতু, অভিযোগের প্রেক্ষিতে ০৮/১১/২০২০ খ্রিঃ তারিখের ২১৪ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে সরেজমিনে তদন্ত পূর্বক ২৭/১২/২০২০ খ্রিঃ তারিখে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার কর্তৃক অননুমোদিত অনুপস্থিতি এবং স্বাক্ষর জালিয়াতি করে বেতন ভাতাদি উত্তোলনের অভিযোগ প্রমানিত হয়;

৩। যেহেতু, এ অধিদপ্তরের ১৬/০৩/২০২১ খ্রিঃ তারিখের ১৭৮ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) বর্ণিত অসদাচারণ ও ৩(ঘ) বর্ণিত দুর্নীতির দায়ে বিভগীয় মামলা ১৫/২০২১ রুজুপূর্বক কারণ দর্শানো হলে আপনি কোন জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ করেননি;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ অধিদপ্তরের ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখের ২৭১ নং স্মারকে তদন্তবোর্ড গঠন করা হলে আপনি সরেজমিন তদন্ত কার্যক্রমে অনুপস্থিত ছিলেন;

৫। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) এবং ৩(ঘ) বর্ণিত অসদাচারণ ও দুর্নীতির অভিযোগ সত্য প্রমাণিত হয়েছে;

৬। যেহেতু, সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বর্ণিত অসদাচারণ ও ৩(ঘ) বর্ণিত দুর্নীতির দায়ে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী আপনাকে অবিলম্বে বরখাস্ত (Dismissal) করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৭। সেহেতু, কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত গুরুদন্ড আরোপ করা হবেনা, একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক তার লিখিত জবাব অত্র নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদন ০২ (দুই) পাতা।

প্রাপকঃ আবু সাঈদ মোঃ জাহাঙ্গীর
সিনিয়র স্টাফ নার্স

স্বাঃ-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

১। কর্মস্থলের ঠিকানা
আবু সাঈদ মোঃ জাহাঙ্গীর
পিতাঃ মোঃ মোশারফ হোসেন
সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান,

২। স্থায়ী ঠিকানা
আবু সাঈদ মোঃ জাহাঙ্গীর
পিতাঃ মোঃ মোশারফ হোসেন
গ্রাম- দুর্গাপুর, পোঃ রামগঞ্জ বাজার,
থানাঃ নোয়াখালী সদর, জেলাঃ নোয়াখালী

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৯১.২০.১৩৭/১(৭) তারিখ-১৪/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩। সিভিল সার্জন, নোয়াখালী/ বান্দরবান।

৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।

৫। সহকারি পরিচালক, পিএমআইএস শাখা, এ অধিদপ্তর (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৬। জেলা পাবলিক হেলথ নার্স, বান্দরবান।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৪/৬/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা )
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০৪.২২.১৭৮ তারিখঃ১৪/০৬/২০২২ খ্রিঃ

## আদেশ

যেহেতু, মোঃ হারুন অর রশিদ, পিতাঃ মোঃ ফুল মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত কুলিয়ারচর থানার মামলা নং-৫(১)/১৪, জিআর নং- ১৭(২)/১৪, সি জে এম মামলা নং ১৬৫১/১৪ মূলে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-০৪, কিশোরগঞ্জ এর ১৮/০১/২০১৮ খ্রিঃ তারিখের আদেশে দণ্ডবিধি, ১৮৬০ এর ৩২৪ ধারায় অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে ০১ (এক) বছরের সশ্রম কারাদন্ডাদেশ প্রদান করা হলে তিনি পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে জেল হাজতে প্রেরিত হন;

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ১২(১) মোতাবেক এ অধিদপ্তরের ১৪/০৫/২০১৮ খ্রিঃ তারিখের ১৮২নং স্মারকে ১৮/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে সাময়িক বরখাস্ত (Suspend)করা হয়;

৩। যেহেতু, তার আবেদন মতে ক্রিমিনাল আপীল মামলা ৫৭/২০১৮ এ ১ম অতিরিক্ত দায়রা জজ আদালত, কিশোরগঞ্জ কর্তৃক সিডি নং ২৬৩৮, তারিখ ২৮/১১/২০২১ খ্রিঃ আদেশ মোতাবেক গত ১৮/০১/২০১৮ খ্রিঃ তারিখের আদেশে প্রদত্ত ১ (এক) বছরের সশ্রম কারাদন্ডাদেশের রায় বাতিল পূর্বক পুনরায় বিচারের জন্য নথি নিম্ন আদালতে প্রেরন করা হয়;

৪। যেহেতু, জেলা পাবলিক হেলথ নার্স, কিশোরগঞ্জ থেকে ১৯/০৫/২০২২ খ্রিঃ তারিখে প্রাপ্ত পত্রমূলে জানা যায়, উক্ত ক্রিমিনাল আপীল মামলা ৫৭/২০১৮ মূলে অভিযুক্তের কারাদন্ডাদেশের রায় বাতিল পূর্বক পুনরায় বিচারের জন্য নিম্ন আদালতে নথি প্রেরন আদেশ সঠিক;

৫। সেহেতু, নিম্নোক্ত আদেশ প্রদান করা হলো ।

(ক) মোঃ হারুন অর রশিদ, পিতাঃ মোঃ ফুল মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ এর ১৮/০১/২০১৮ খ্রিঃ তারিখ হতে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

(খ) সাময়িক বরখাস্তকালীন দিনসমূহ কর্মকাল হিসেবে গন্য হবে।

(গ) তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্র্যাপ্য হবেন।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

স্মারক নং- স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০৪.২২.১৭৮/১(১১) তারিখঃ১৪/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, কিশোরগঞ্জ ।
৫। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।
৬। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কিশোরগঞ্জ ।
৭। সহকারি পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর,ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৮। জেলা পাবলিক হেলথ নার্স, কিশোরগঞ্জ।
৯। উপসেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।
১০। মোঃ হারুন অর রশিদ, পিতাঃ মোঃ ফুল মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর।

১৪/৬/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)